একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**
**সচিবালয় বিভাগ**
**সাধারণ শাখা**
**www.ccc.gov.bd**

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০১.৩১.০৫৪.২৬-১৪৭৫

তারিখঃ ৬ই আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

**বিষয়ঃ নজরুল বর্ষ উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতার তারিখ, সময় ও ভেন্যু নির্ধারণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে 'নজরুল বর্ষ' উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে গত ২০/০৯/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত তারিখ, সময় ও ভেন্যুতে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| শিক্ষা প্রতিষ্ঠান | গ্রুপ | প্রতিযোগিতার বিষয়াবলী | | | | | তারিখ ও সময় | ভেন্যু |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেন | গ্রুপ-ক<br>(১ম, ২য় শ্রেণি) | নজরুল সঙ্গীত<br>(যেকোনো) | কবিতা আবৃত্তি<br>১. ভোর হলো<br>২. খোকার ডাক | চিত্রাংকন<br>বিভিন্ন বয়স ও বিভিন্ন রূপে নজরুল | অভিনয় (একক)<br>কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশবিশেষ) | নৃত্য (একক)<br>নজরুল সঙ্গীত ভিত্তিক | ২৮ সেপ্টেম্বর সকাল ১০.০০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| | গ্রুপ-খ<br>(৩য়-৫ম শ্রেণি) | | কবিতা আবৃত্তি<br>১. খুকি কাঠবিড়ালী<br>২. মোসাহেব<br>৩. লিচু চোর | | | | | |
| কারিগরী ও মাধ্যমিক | গ্রুপ-ক<br>(৬ষ্ঠ-৮ম শ্রেণি) | নজরুল সঙ্গীত<br>(যেকোনো) | কবিতা আবৃত্তি<br>১. সংকল্প<br>২. কান্ডারি হুশিয়ার | চিত্রাংকন<br>বিভিন্ন বয়স ও বিভিন্ন রূপে নজরুল | অভিনয় (একক)<br>কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশবিশেষ) | নৃত্য (একক)<br>নজরুল সঙ্গীত ভিত্তিক | ২৮ সেপ্টেম্বর সকাল ১১.৩০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| | গ্রুপ-খ<br>(৯ম-১০ম শ্রেণি) | | কবিতা আবৃত্তি<br>১. বিদ্রোহী<br>২. মানুষ<br>৩. ওমর ফারুক | | | | | |
| কলেজ | গ্রুপ-ক<br>(১১শ-১২শ শ্রেণি) | নজরুল সঙ্গীত<br>(যেকোনো) | কবিতা আবৃত্তি<br>(যেকোনো) | নৃত্য (একক)<br>নজরুল সঙ্গীত ভিত্তিক | অভিনয় (একক)<br>কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশবিশেষ) | রচনা<br>তারুণ্য ও নজরুল | ২৮ সেপ্টেম্বর দুপুর ০২.০০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| | গ্রুপ-খ<br>(স্নাতক ও স্নাতকোত্তর) | | | | | | | |
| মাদ্রাসা (এবতেদায়ী) | গ্রুপ-ক<br>(১ম, ২য় শ্রেণি) | নজরুলের ইসলামি সঙ্গীত/ গজল | কবিতা আবৃত্তি<br>১. ভোর হলো<br>২. খোকার সাধ (আমি হব সকাল...) | কবি নজরুল রচিত হামদ ও নাত | .......... | .......... | ২১ সেপ্টেম্বর সকাল ১০.০০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| | গ্রুপ-খ<br>(৩য়-৫ম শ্রেণি) | | কবিতা আবৃত্তি<br>১. মা<br>২. সংকল্প | | নির্ধারিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত | রচনা<br>আমার চোখে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম | | |
| মাদ্রাসা (দাখিল) | গ্রুপ-ক<br>(৬ষ্ঠ-৮ম শ্রেণি) | নজরুল ইসলামি সঙ্গীত/ গজল | কবিতা আবৃত্তি<br>১. ঝিঙেফুল<br>২. কুলি মজুর | কবি নজরুল রচিত হামদ ও নাত | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত | রচনা<br>নজরুলের দেশপ্রেম | ২১ সেপ্টেম্বর সকাল ১০.০০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| | গ্রুপ-খ<br>(৯ম-১০ম শ্রেণি) | | কবিতা আবৃত্তি<br>১. মানুষ<br>২. নারী | | | রচনা<br>নজরুল সাহিত্য ও সঙ্গীতে ইসলামের সাম্যের ধারণা | | |
| মাদ্রাসা (আলিম) | আলিম | নজরুল ইসলামি সঙ্গীত/ গজল | কবিতা আবৃত্তি<br>(যেকোনো) | কবি নজরুল রচিত হামদ ও নাত | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত | রচনা<br>তারুণ্য ও নজরুল | ২১ সেপ্টেম্বর সকাল ১১.৩০ টা | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| মাদ্রাসা (ফাজিল ও কামিল) | ফাজিল ও কামিল | | | | | রচনা<br>নজরুল ও মানুষের মুক্তি | | |

২। প্রতিযোগিতাসমূহ ভেন্যুর নিম্নোক্ত কক্ষগুলোতে অনুষ্ঠিত হবে:

(ক) **নজরুল সংগীত, হামদ ও নাত**- কনফারেন্স রুম (ডান পাশে), ৪র্থ তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(খ) **কবিতা আবৃত্তি**- গ্যালারি হল, ২য় তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(গ) **চিত্রাংকন**- পারফর্মার লবি, ২য় তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(ঘ) **অভিনয়**- গ্যালারি হল (মঞ্চে), ২য় তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(ঙ) **নৃত্য, বক্তৃতা**- লেকচার হল, ৩য় তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(চ) **অভিভাবক ও প্রতিযোগিদের অপেক্ষার স্থান**- ল্যাবরেটরি হল, ৩য় তলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

(ছ) **ক্যাফেটেরিয়া**- নিচতলা, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

৩। প্রতিযোগিতার ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণীয়:

(ক) রচনা অবশ্যই মৌলিক হতে হবে

(খ) হাতে লিখে জমা দিতে হবে

(গ) বই, প্রবন্ধ বা লেখকদের রেফারেন্স দিতে হবে

(ঘ) রচনার মোট শব্দের সংখ্যা এবতেদায়ী পর্যায়ে ৫০০; দাখিল পর্যায়ে ১,০০০; উচ্চমাধ্যমিক ও সমমান এবং আলিম পর্যায়ে ১,৫০০; স্নাতক, স্নাতকোত্তর এবং ফাজিল ও কামিল পর্যায়ে ২,০০০-এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৪। আঞ্চলিক উপ-কমিটিসমূহ বিজয়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের ব্যবসথা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

23.09.26

(মোহাম্মদ আশরাফুল আমিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৩৩৩৩৮৮৮০৬ (অফিস)
ইমেইলঃ ceo@ccc.gov.bd

...............................
...............................

**অনুলিপিঃ** অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ......, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৩। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম (বিজয়ী প্রতিষ্ঠানগুলোকে অবহিতকরণের অনুরোধসহ)
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম (বিজয়ী প্রতিষ্ঠানগুলোকে অবহিতকরণের অনুরোধসহ)
৫। জনাব ..............................., সদস্য/সদস্য সচিব, আঞ্চলিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত উপ-কমিটি, অঞ্চল ......, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৬। পরিচালক, থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম (প্রতিযোগিতার ভেন্যু প্রস্তুতকরণের অনুরোধসহ)
৭। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
৯। অফিস কপি

CamScanner